যুগান্তর

তারিখ ...... 6 FEB 2017
পৃষ্ঠা ৭ ...... কলাম ৭ ......

### ঢাকা বোর্ডের এসএসসির প্রশ্ন ফাঁসের গুজব

# দ্বিতীয় দিনে ৮২ জন বহিষ্কার অনুপস্থিত ৮৯০৪

**যুগান্তর রিপোর্ট**

অসদুপায় অবলম্বনের দায়ে এসএসসি ও সমমানের পরীক্ষার দ্বিতীয় দিনে রোববার সারা দেশে ৮২ জন বহিষ্কৃত হয়েছে। এদের মধ্যে মাদ্রাসায় সর্বাধিক ৩২ জন। এদিন ৮ হাজার ৯০৪ জন অনুপস্থিত ছিল। এদিন এসএসসিতে বাংলা দ্বিতীয়পত্র, দাখিলে নতুন সিলেবাসে ইংরেজি প্রথমপত্র এবং পুরাতন সিলেবাসে ইংরেজি বিষয়ের পরীক্ষা নেয়া হয়।

এদিকে ঢাকা শিক্ষা বোর্ডের বাংলা দ্বিতীয়পত্র ফাঁসের গুজব উঠেছে। রাজধানীর একটি কলেজের এক ছাত্র নাম প্রকাশ না করে সাংবাদিকদের জানিয়েছে, পরীক্ষা শেষ হওয়ার এক ঘণ্টা আগে ফেসবুক পেজে একটি আইডি থেকে প্রশ্নপত্র আপলোড করা হয়। এ ঘটনাকে ওই ছাত্র ফাঁস হিসেবে মনে করছে। তবে রাজধানীর আর কোনো কেন্দ্র থেকে প্রশ্ন ফাঁসের অভিযোগ পাওয়া যায়নি।

এ প্রসঙ্গে ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান বলেন, প্রশ্ন ফাঁসের কোনো ঘটনা ঘটা সম্ভব নয়। এটা গুজব ছাড়া আর কিছু নয়। এমনকি পরীক্ষা শুরুর পর যাতে কেউ ছবি তুলে কেন্দ্রের বাইরে নিয়ে আসতে না পারে, সে ব্যাপারেও আমরা এবার পদক্ষেপ নিয়েছি। কেন্দ্রে ক্যামেরা ফোন নিষিদ্ধ করা হয়েছে। যদি কোনো ফেসবুক আইডিতে এমন প্রশ্ন পাওয়া যায়, তাহলে সে মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির এক বিজ্ঞপ্তিতে বলা হয়, বহিষ্কৃত ৮২ জনের মধ্যে ২৩ জন এসএসসি পরীক্ষার্থী। এদের মধ্যে ঢাকা বোর্ডে ১০ জন, কুমিল্লা বোর্ডে ৫ জন, যশোরে ১ জন ও বরিশালে ৭ জন আছে। এছাড়া কারিগরি বোর্ডে ২৩ জন বহিষ্কৃত হয়েছে।

এদিকে পরীক্ষায় অনুপস্থিত শিক্ষার্থীদের মধ্যে মাদ্রাসা বোর্ডে বেশি। ৮ হাজার ৯০৪ জনের মধ্যে ৩ হাজার ৬৭২ জনই মাদ্রাসা বোর্ডের। এছাড়া এসএসসির ৮টি সাধারণ বোর্ডে আছে ৪ হাজার ৭৬ জন। এদের মধ্যে ঢাকা বোর্ডে ১ হাজার ১৭০ জন, রাজশাহীতে ৪৩৫ জন, কুমিল্লায় ৭১৬ জন, যশোরে ৪৪২ জন, চট্টগ্রামে ৩৪৮ জন, সিলেটে ২৭০ জন, বরিশালে ৩০৯ জন ও দিনাজপুরে ৩৮৬ জন আছে। কারিগরি বোর্ডে মোট অনুপস্থিত ছিল ১১৫৬ জন।